

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) ইউএসএআইডি'র অর্থায়নে এবং সেভ দ্য চিলড্রেন-এর কারিগরী সহায়তায় নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় “মা-মনি:এইচ এস এস প্রকল্প” শিরোনামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের শূন্য পদের জন্য যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের প্রকল্প মেয়াদে নিয়োগ করা হবে।

সিনিয়র টেকনিক্যাল অফিসার-কোয়ালিটি এ্যাসুরেন্স (মহিলা)
শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতাঃ এমবিবিএস পাশ (অভিজ্ঞতার দরকারনাই) অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-নার্সিং কোর্স সম্পন্ন অথবা ৪ বছরের মেডিক্যাল এ্যাসিস্টেন্ট কোর্স (MATS) সম্পন্ন হতে হবে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সাথে এবং ক্লিনিক্যাল স্টাফদের কাজ তদারকির ক্ষেত্রে ৩ বৎসরের প্রমানযোগ্য অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার দক্ষতা: এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট, এক্সেল, ই-মেইল, ইন্টারনেট ব্রাউজিং। ইংরেজী এবং বাংলায় লিখিত ও মৌখিক সাবলীলতা। কর্ম এলাকা : হাতিয়া উপজেলা। মাসিক বেতন ও ভাতাদি (সর্বসাকুল্যে): ৩১,১৩৫.০০টাকা। এছাড়া মোবাইল বিল এবং প্রকৃত যাতায়াত বিল প্রদান করা হবে। এমবিবিএস পাশ প্রার্থীর ক্ষেত্রে বেতন বৃদ্ধি করা যেতে পারে।
প্যারামেডিক (মহিলা)
শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতাঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-নার্সিং কোর্স সম্পন্ন অথবা ৪ বৎসরের মেডিক্যাল এ্যাসিস্টেন্ট ট্রেনিং কোর্স সম্পন্ন হতে হবে। মাসিক বেতন ও ভাতাদি (সর্বসাকুল্যে) : ২৪,৯৯১/- টাকা। এছাড়া মোবাইল বিল এবং প্রকৃত যাতায়াত বিল প্রদান করা হবে। পেশাগত অভিজ্ঞতা: গর্ভবতী মায়ের সেবা, প্রসব পরবর্তী মায়ের সেবা এবং পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি সম্পর্কে ধারণা থাকতে হবে। নরমাল ডেলিভারি কাজে বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। মা এবং নবজাতকের ক্ষেত্রে-জরুরী রোগী ব্যবস্থাপনা সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।

অগ্রাধী যোগ্য প্রার্থীদেরকে পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-২০, সড়ক-১১(নতুন), ৩২(পুরাতন), ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯ বরাবর দরখাস্তসহ (২ কপি ছবি, শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপিসহ পূর্ণ জীবনবৃত্তান্ত এবং যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ) আগামী ১৫/০৫/২০১৭ইং এর মধ্যে আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে এবং উত্তীর্ণ প্রার্থীদের ২২/০৫/২০১৭ইং তারিখ চাকুরীতে যোগদান করতে হবে।খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তি www.chakri.com ও www.ric-bd.org এ পাওয়া যাবে।